দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 21 JUL 2007 ...
পৃষ্ঠা ৩ কলাম ২

জোট আমলে অনিয়ম দুর্নীতি

# ১০ ভার্সিটিতে ইউজিসির তদন্ত শেষ, বাকি ৪টিতে টিম পাঠানোর প্রস্তুতি

এহসান জুয়েল, ঢাবি থেকে ॥ গত জোট সরকার আমলে ১৪টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের অনিয়ম-দুর্নীতির তদন্ত কাজ চালিয়ে যাচ্ছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) তদন্ত টিম। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে ইউজিসি-গঠিত তদন্ত টিমগুলো ইতোমধ্যে শুরু করেছে তাদের কাজ। এর মধ্যে ১০টি বিশ্ববিদ্যালয়ে তদন্ত কাজ শেষ করা হয়েছে। বাকি ৪টি বিশ্ববিদ্যালয়েও টিম পাঠানোর প্রস্তুতি নেয়া হয়েছে। ইতোমধ্যে তদন্ত টিম গঠন করে তা জানিয়ে দেয়া হয়েছে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়গুলোকে।

এছাড়া দু'টি বিশ্ববিদ্যালয়ের আগে একবার তদন্ত কাজ শেষ করা হলেও অধিকতর তদন্তের জন্য পুনরায় টিম পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে ইউজিসি কর্তৃপক্ষ। যে ৯টি বিশ্ববিদ্যালয়ের তদন্ত কাজ শেষ হয়েছে সেগুলোতে বেশ কয়েকটি গুরুতর অনিয়ম ও দুর্নীতির প্রমাণ মিলেছে বলে কমিটি সূত্রে জানা গেছে। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়কে প্রয়োজনীয় সুপারিশসহ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়েছে তদন্ত টিমগুলোর তৈরি করা রিপোর্টে।

মঞ্জুরি কমিশন সূত্র জানান, সর্বশেষ গত ১৫ জুলাই শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অনিয়ম, দুর্নীতি তদন্তের রিপোর্ট কমিশনের চেয়ারম্যান বরাবর জমা দেয়া হয়েছে। কমিশন চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম জানান, আগামীকাল রবিবার তা শিক্ষা মন্ত্রণালয়ে জমা দেয়া হবে। এছাড়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের রিপোর্ট জমা দেয়া হলেও তাতে মন্তব্য লিখে আমি আবার তদন্ত টিমকে রিপোর্ট পুনর্গঠনের জন্য ফেরত পাঠিয়েছি।

তদন্ত কাজ শেষে বর্তমানে রাজশাহী বিশ্ববিদ্যালয়, শেরে বাংলা বিশ্ববিদ্যালয়ের রিপোর্ট তৈরির কাজ চলছে। এছাড়া তদন্ত কাজ শেষ হয়েছে এমন আরও ৬টি বিশ্ববিদ্যালয় হলো জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। আগামী কয়েকদিনের মধ্যে বাকি ৪টি বিশ্ববিদ্যালয়ে ইউজিসির তদন্ত টিম পাঠানো হবে। এ ৪টি বিশ্ববিদ্যালয় হলো— ঢাকা বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী বিশ্ববিদ্যালয়। প্রথম তিনটি বিশ্ববিদ্যালয়ের জন্য ইতোমধ্যে তদন্ত টিম গঠন করা হলেও নোয়াখালী বিশ্ববিদ্যালয়ের জন্য এখন পর্যন্ত টিম গঠন করা হয়নি। তবে শীঘ্রই তা গঠন করা হবে। এর মধ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ও জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ে একবার তদন্ত কাজ শেষ করা হলেও অধিকতর তদন্তের জন্য পুনরায় টিম পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে মঞ্জুরি কমিশন।